

অধিবেশনের লক্ষ্য

ধান চাষে দুর্যোগ ব্যবস্থাপনা, আবহাওয়ার প্রভাব ও বন্যাকবলিত এলাকায় ধান চাষ ও লাগসই প্রযুক্তি সম্পর্কে বর্ণনা করা।

অধিবেশনের উদ্দেশ্য

▶ এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণঃ

ধান চাষে দুর্যোগ ব্যবস্থাপনা, আবহাওয়ার প্রভাব ও বন্যাকবলিত এলাকায় ধান চাষ ও লাগসই প্রযুক্তি সম্পর্কে অবগত হবেন এবং কিভাবে এসমস্ত দুর্যোগ মোকাবেলা করে ধান চাষে আশানুরূপ ফলন পাওয়া যায় তা শিখতে

সময়	বিষয়বস্তু	পদ্ধতি
------	------------	--------



সহায়তাকারী ব্যাখ্যা করুন

বাংলাদেশে কৃষকেরা বিভিন্ন সময়ে ধান চাষ নিয়ে প্রাকৃতিক দুর্যোগের সম্মুখীন হয়। এসবের মধ্যে বন্যা, ক্ষরা, শিলাবৃষ্টি, লবনাক্ততা, পোকা-মাকড়, রোগবালাই, অতিরিক্ত তাপমাত্রা ও শীত প্রধান। ধানচাষে এসমস্ত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করার বিভিন্ন কৌশল এবং পদ্ধতি সম্পর্কে এখন আমরা আলোচনা করব।



এ মডিউলে ধান উৎপাদনে আবহাওয়ার বিভিন্ন প্রভাব সম্পর্কে ৭টি ফ্যাক্ট শীট আছে। এই ফ্যাক্ট শীটগুলোতে, ধানে চিটার কারণ, বন্যাকবলিত এলাকার লাগসই প্রযুক্তি ও চারা উৎপাদনের বিভিন্ন কলাকৌশলের পদ্ধতি উল্লেখ করা আছে। এসমস্ত পদ্ধতি এবং প্রযুক্তিগুলো ব্যবহার করে কিভাবে প্রাকৃতিক দুর্যোগ অনেকাংশে মোকাবেলা করা যায়, সে সম্পর্কে আপনারা অবগত হতে পারবেন।



সময় ৯০ মিঃ

মালটিমিডিয়া দেখান

মডিউল ৪: ধান চাষে দুর্যোগ ব্যবস্থাপনা

ফ্যাক্ট শীট ১ : ধান চাষে দুর্যোগ ব্যবস্থাপনা

ফ্যাক্ট শীট ২ : ধান উৎপাদনে আবহাওয়ার প্রভাব

ফ্যাক্ট শীট ৩ : ধানের চিটা

ফ্যাক্ট শীট ৪ : বন্যা কবলিত এলাকায় ধান চাষ

ফ্যাক্ট শীট ৫ : বন্যা কবলিত এলাকায় লাগসই প্রযুক্তি

ফ্যাক্ট শীট ৬ : বন্যা কবলিত এলাকায় ধানের চারা উৎপাদনঃ ভাসমান বীজতলা

ফ্যাক্ট শীট ৭ : বন্যা কবলিত এলাকায় ধানের চারা উৎপাদনঃ ডাপোগ বীজতলা

